

তারিখ: ১৭.০১.২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম নগরীর প্রতিটি নাগরিককে স্বাস্থ্যসেবার আওতায় আনা হবে: মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রামের চর চাক্তাই, দক্ষিণ বাকলিয়া এলাকায় স্বেচ্ছাসেবী সংগঠন ব্রিটিশ বাংলা ওয়েলফেয়ার এর উদ্যোগে একটি ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। সমাজের সুবিধাবঞ্চিত ও অসহায় বিনামূল্যে চিকিৎসা প্রদান করেন মেয়র ডা. শাহাদাত হোসেন। এ সময় তিনি বলেন, চট্টগ্রামকে একটি হেলদি সিটি হিসেবে গড়ে তুলতে হলে নগরীর প্রতিটি মানুষকে স্বাস্থ্যসেবার আওতায় আনতে হবে। সাধারণ মানুষের সুস্বাস্থ্য নিশ্চিত করা আমাদের প্রধান দায়িত্ব এবং এটি কোনো একক প্রতিষ্ঠানের কাজ নয়—সম্মিলিত উদ্যোগেই এটি সম্ভব।” তিনি আরও বলেন, নগরীর নিম্নআয়ের ও প্রান্তিক জনগোষ্ঠী অনেক সময় চিকিৎসাসেবা থেকে বঞ্চিত হয়। সিটি কর্পোরেশন এসব মানুষের জন্য নগর স্বাস্থ্যকেন্দ্র, ফ্রি মেডিকেল ক্যাম্প, প্রাথমিক চিকিৎসা ও প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবার কার্যক্রম জোরদার করছে।



মেয়র বলেন, স্বাস্থ্যসেবা শুধু চিকিৎসার মধ্যেই সীমাবদ্ধ নয়। স্বাস্থ্য সচেতনতা সৃষ্টি, নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা এবং প্রাথমিক পর্যায়ে রোগ নির্ণয়ের মাধ্যমে বড় ধরনের স্বাস্থ্যঝুঁকি কমানো সম্ভব। এ ক্ষেত্রে স্বেচ্ছাসেবী সংগঠনগুলোর ভূমিকা অত্যন্ত প্রশংসনীয়।

তিনি সমাজের বিত্তবান ব্যক্তি ও সংগঠনগুলোর প্রতি আহ্বান জানিয়ে বলেন, মানবিক দায়বদ্ধতা থেকে অসহায় মানুষের পাশে দাঁড়াতে সবাইকে এগিয়ে আসতে হবে। সরকার ও সিটি কর্পোরেশনের পাশাপাশি স্বেচ্ছাসেবী সংগঠনগুলোর সম্মিলিত প্রচেষ্টায়ই একটি সুস্থ, মানবিক ও বাসযোগ্য চট্টগ্রাম গড়ে তোলা সম্ভব। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম-৯ আসনে বিএনপি মনোনীত আলহাজ্ব আবু সুফিয়ান। ব্রিটিশ বাংলা ওয়েলফেয়ার এর উপদেষ্টা ডা. গোলাম কাদের চৌধুরীর সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন বিশেষজ্ঞ চিকিৎসক ড্যাভ চট্টগ্রাম মহানগরের সভাপতি অধ্যাপক আব্বাস উদ্দীন, মা ও শিশু হাসপাতালের পরিচালক ডাঃ আশরাফুল করিম, সহকারী অধ্যাপক ডা. রিফাত কামাল রনি, ডা. মোহাম্মদ গিয়াস উদ্দীন নয়ন, ডাঃ হাবিবুল করিম তানিম, ডা. মতিউর রহমান,, নবাব খান, এম আই চৌধুরী মামুন, একে খান ও এটিএম ফরিদ। সমাজের সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোর আহ্বান জানান তারা। মেডিকেল ক্যাম্পে অভিজ্ঞ চিকিৎসকরা ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, চর্মরোগসহ বিভিন্ন স্বাস্থ্য সমস্যার চিকিৎসা ও পরামর্শ প্রদান করেন। রোগীদের মধ্যে বিনামূল্যে প্রয়োজনীয় ওষুধও বিতরণ করা হয়।

আয়োজকরা জানান, মানুষের স্বাস্থ্য ও কল্যাণে এ ধরনের উদ্যোগ নিয়মিতভাবে অব্যাহত রাখার পরিকল্পনা রয়েছে ব্রিটিশ বাংলা ওয়েলফেয়ারের। সংগঠনটি ভবিষ্যতেও স্বাস্থ্যসেবা, শিক্ষা ও সমাজকল্যাণমূলক কার্যক্রম চালিয়ে যাবে জানান তারা।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮